

## শিক্ষামন্ত্রী ইউনেস্কো'র ভাইস প্রেসিডেন্ট পুনর্নির্বাচিত

প্যারিস, ৩১ অক্টোবর

বাংলাদেশের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ইউনেস্কো'র ৩৯তম সাধারণ সম্মেলনের জন্য পুনরায় ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। তিনি ইউনেস্কো সাধারণ সম্মেলনের ভাইস প্রেসিডেন্ট হিসেবে ২০১৭-২০১৯ মেয়াদের জন্য দায়িত্ব পালন করবেন। ৩৯তম সাধারণ সম্মেলনের জন্য সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন মরক্কোর জহুর আলাওই (Mrs. Zohour Alaoui)। বাংলাদেশের শিক্ষামন্ত্রী ইউনেস্কো'র ৩৮তম সাধারণ সম্মেলনেও সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন, যার মেয়াদকাল ছিল ২০১৫-২০১৭।

গতকাল প্যারিসে ইউনেস্কো সদর দপ্তরে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। জনাব নাহিদ চলমান সাধারণ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন। সম্মেলনে ১৯৫টি সদস্য রাষ্ট্র ও ১০টি সহযোগী রাষ্ট্রের মন্ত্রী ও সিনিয়র কর্মকর্তাবৃন্দ, জাতিসংঘের বিভিন্ন সংস্থা, সংবাদমাধ্যম এবং এনজিও প্রতিনিধিরা অংশ নিচ্ছেন।

আগামী ৪ নভেম্বর শিক্ষামন্ত্রী এ সম্মেলনের জেনারেল পলিসি ডিবেটে বাংলাদেশের জাতীয় স্টেটমেন্ট পেশ করবেন। এর আগে ০১ নভেম্বর ই-নাইন ফোরামের চেয়ারম্যান হিসেবে জনাব নাহিদ সদস্য দেশসমূহের মন্ত্রী ও প্রতিনিধিদলের প্রধানদের সাথে বৈঠক করবেন।

ইউনেস্কো'র ৩৯তম সাধারণ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে রয়েছেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন ও অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ, এম্বাসাডার-ডেজিগ্নেন্ট ও ইউনেস্কোতে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি কাজী ইমতিয়াজ হোসেন এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব মো. মনজুর হোসেন। উল্লেখ্য, সম্মেলনটি ৩০ অক্টোবর শুরু হয়েছে এবং ১৪ নভেম্বর পর্যন্ত চলবে।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯